

seen
01/08/2021
(ডাঃ মোঃ মিজানুর রহমান)
সিভিল সার্জন কাম-তত্ত্বাবধায়ক
জেলা হাসপাতাল, পিরোজপুর

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৯.২০১৮-১৬৪

তারিখঃ ২৪.০৬.২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু ডা. শিকদার মাহমুদ হোসেন (১১৪০৩৫), ইমারজেলি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, পিরোজপুর এর বিরুদ্ধে গত ০৯.০৫.২০১৮ খ্রি. তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের ০৯.১০.২০১৮ খ্রি. তারিখের ৩৫৯ নম্বর স্মারকে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা বুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের জবাব দেননি;

যেহেতু উপরোল্লিখিত বিধিমালার ৭(৩) বিধি অনুসারে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করে তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গুরুদণ্ডস্বরূপ চাকরি হতে বরখাস্ত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং কেন তার উপর উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, তা জানতে চেয়ে বিধিমালার ৭(৯) বিধি অনুসারে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ২২.০৮.২০২৩ খ্রি. তারিখে তার শুনানি গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় পূর্বোক্ত বিধিমালার ৪(৩)(ঘ) বিধিমাতে গুরুদণ্ডস্বরূপ তাকে চাকরি হতে বরখাস্ত করার পূর্ববর্তী সিদ্ধান্ত বহাল রাখা হয়;

সেহেতু এ সিদ্ধান্ত কার্যকর করার লক্ষ্যে উক্ত বিধিমালার ৭(১০) নং বিধির আলোকে সরকারি কর্মকমিশনের সমস্তমত চাওয়া হলে কমিশন উক্ত সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে চাকরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক ডা. শিকদার মাহমুদ হোসেনকে তার অনুপস্থিতি শুরুর তারিখ ০৯.০৫.২০১৮ খ্রি. থেকে চাকরি হতে বরখাস্ত করা হলো। উক্ত তারিখের পর থেকে তিনি কোনো রূপ আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। ইতোমধ্যে ০৯.০৫.২০১৮ খ্রি. এর পরবর্তী সময়ে তার কোনো বেতনভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(স্বাক্ষর: জাহাঙ্গীর আলম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৯.২০১৮-১৩৪/১(১৬)

তারিখঃ ২৪.০৩.২০২৪ খ্রি.

সদর অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩. যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণের অনুরোধসহ)
- ৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। {পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
- ৭। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৮। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, পিরোজপুর
- ৯। সিভিল সার্জন, পিরোজপুর
- ১০। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ১২। ডা. শিকদার মাহমুদ হোসেন (১১৪০৩৫), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, পিরোজপুর (স্থায়ী ঠিকানা: গ্রাম+ ডাকঘর-ভিটাবাড়িয়া, উপজেলা-ভান্ডারিয়া, জেলা-পিরোজপুর)
- ১৩। জেলা হিসাবরক্ষণ অফিসার, পিরোজপুর
- ১৪। যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৫। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৬। অফিস কপি

২৪.০৩.২০২৪
(ডা. মো. শেখ ছাদেক)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০১০২৮
disc@hsc.gov.bd